DESCO
POWER IS YOURS
ISO 9001 : 2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LIMITED

22/B, Faruk Sarani, Nikunja-2, Khilkhet,
Dhaka-1229, Bangladesh.
PABX : +88 02 8900110-11, 8900820-23
Fax : +88 02 8900100
E-mail : info@desco.org.bd, mddesco@desco.org.bd
Website : www.desco.org.bd

শেখ হাসিনার উদ্যোগ

স্মারক নংঃ ২৭.২৪.০০০০.০১৪.১৮.০০২.১৮. ৬৪ তারিখঃ জানুয়ারি ২০, ২০১৯ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয়ঃ ডেসকো'র প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণের সুদমুক্ত বিশেষ অগ্রীম এবং গাড়ীসেবা নগদায়ন নীতিমালা-২০১৩ সংশোধন (গাড়ী রক্ষণাবেক্ষণ ইত্যাদি বাবদ বিশেষ ভাতা পুনঃনির্ধারণ)।

সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বিগত ১২/০১/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ডেসকো বোর্ডের ৩৭২.০২.২০১৯তম সভায় 'ডেসকো'র প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রীম এবং গাড়ীসেবা নগদায়ন নীতিমালা-২০১৩' এর অন্যান্য বিষয়াদি অপরিবর্তীত রেখে বিশেষ ভাতা সংক্রান্ত দফা ১০(১) নিম্নোক্তরূপে সংশোধনের প্রস্তাব অনুমোদিত হয়।

সংশোধিত উপ-অনুচ্ছেদ

"১০.১ ডেসকো'র প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা ডেসকো লিঃ এর নিকট হতে বিশেষ অগ্রীম গ্রহণ করলে তিনি গাড়ী ক্রয়ের পর প্রশাসনিক প্রত্যয়নপত্র গ্রহণ এবং 'গ' ফরম স্বাক্ষরের পর হতে গাড়ী মেরামত, রক্ষণাবেক্ষণ, ড্রাইভারের বেতন ইত্যাদি বাবদ মাসিক ৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার) টাকা বিশেষ ভাতা প্রাপ্ত হবেন, যা উক্ত কর্মকর্তা মাসিক বেতন বিলের সাথে উত্তোলন করবেন।"

উক্তরূপে সংশোধিত নীতিমালাটি ০১/০১/২০১৯ তারিখ হতে কার্যকর হবে।

বোর্ডের নির্দেশক্রমে,

২০.০১.১৯
এস. এম. জামিল হুসাইন
কোম্পানি সচিব

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। চেয়ারম্যান, ডেসকো পরিচালনা পর্ষদ।
২। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো।
৩। নির্বাহী পরিচালক (সংগ্রহ/এইচ.আর/অর্থ ও হিসাব/অপারেশন/প্রকৌশল), ডেসকো।
৪। সকল মহাব্যবস্থাপক/প্রধান প্রকৌশলী, ডেসকো।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডেসকো।
৭। অফিস কপি/মাস্টার কপি।

DESCO
POWER IS YOURS
ISO 9001 : 2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LIMITED

22/B, Faruk Sarani, Nikunja-2, Khilkhet,
Dhaka-1229, Bangladesh.
PABX : +88 02 8900110-11, 8900820-23
Fax : +88 02 8900100
E-mail : info@desco.org.bd, mddesco@desco.org.bd
Website : www.desco.org.bd

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

স্মারক নংঃ ২৭.২৪.০০০০.০১৪.১৮.০০২.১৮.১০৫ তারিখঃ মার্চ ১৪, ২০১৯ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয়ঃ ডেসকো'র প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণের সুদমুক্ত বিশেষ অগ্রীম এবং গাড়িসেবা নগদায়ন নীতিমালা-২০১৩ সংশোধন (গাড়ির সংজ্ঞা সংশোধন)।

সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বিগত ০৩/০৩/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ডেসকো বোর্ডের ৩৭৫.০৫.২০১৯ তম সভায় ডেসকো'র প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা ২০১৩ (সংশোধিত)" এ উল্লিখিত গাড়ির সংজ্ঞা জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্মারক নং ০৫.০০.০০০০.১২১.২৬.০০৩.১৭-৬৬৩ তারিখ: ২৫/০৭/২০১৯ এর আলোকে নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো। ভবিষ্যতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গাড়ির সংজ্ঞা পরিবর্তিত হলে তা ডেসকো'র জন্যও প্রযোজ্য হবে।

সংশোধিত উপ-অনুচ্ছেদ

"২ (ক) "গাড়ি" অর্থ নতুন অথবা গাড়ি ক্রয়ের তারিখ হতে ০৫ (পাঁচ) বছরের মধ্যে প্রস্তুতকৃত সেডান কার/সেলুন/স্টেশন ওয়াগান/এসইউভি (SUV-Sports Utility Vehicle)/ সিইউভি (CUV-Crossover Utility Vehicle)।

ব্যাখ্যা : এসইউভি (SUV) বা সিইউভি (CUV) প্রচলিত অর্থে জীপ (Jeep) বা অনুরূপ গাড়িকে বুঝাবে। গাড়ির সর্বনিম্ন সি.সি ১৫০০ (±১০) হবে, তবে সম্পূর্ণ নতুন (Brand New) গাড়ির ক্ষেত্রে ১৩০০ সি. সি।"

এই নীতিমালার আওতায় যত সংখ্যক গাড়ি ক্রয় করা হবে সমসংখ্যক ভাড়ায়/আউটসোর্সে গৃহীত গাড়ি ডেসকো'র পরিবহন পুল হতে বাদ দেওয়া হবে। উক্তরূপে সংশোধিত নীতিমালাটি অবিলম্বে কার্যকর হবে।

বোর্ডের নির্দেশক্রমে,

14.03.19

এস. এম. জামিল হুসাইন
কোম্পানি সচিব

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। চেয়ারম্যান, ডেসকো পরিচালনা পর্ষদ।
২। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো।
৩। নির্বাহী পরিচালক (সংগ্রহ/এইচ.আর/অর্থ ও হিসাব/অপারেশন/প্রকৌশল), ডেসকো।
৪। সকল মহাব্যবস্থাপক/প্রধান প্রকৌশলী, ডেসকো।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডেসকো।
৭। অফিস কপি/মাস্টার কপি।

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড

বিষয় ঃ প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০১৩।

১। সংক্ষিপ্ত শিরোনাম ঃ এ নীতিমালা 'প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০১৩ নামে অভিহিত হবে।

২। সংজ্ঞা ঃ বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে এ নীতিমালায় ঃ-

(ক) ''গাড়ি" অর্থ – নতুন অথবা রিকন্ডিশন্ড সেডান কার বা জীপ;

(খ) "গাড়ি সেবা নগদায়ন" অর্থ – প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ কর্তৃক ডেসকো হতে গাড়ি সুবিধা গ্রহনের পরিবর্তে বিশেষ সুদমুক্ত অগ্রিমের মাধ্যমে ক্রয়কৃত গাড়ি রক্ষনাবেক্ষণের উদ্দেশ্যে প্রদত্ত আর্থিক সুবিধাদি;

(গ) "প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা" অর্থ – ডেসকো'র তত্ত্বাবধায়ক প্রকৌশলী বা সমমান ও তদুর্ধ্ব কর্মকর্তা বুঝাবে;

(ঘ) "বিশেষ ভাতা" অর্থ – এ নীতিমালার ১০ এর (১) এ বর্ণিত বিশেষ ভাতা;

(ঙ) "বিশেষ অগ্রিম" অর্থ – এ নীতিমালার অধীন গাড়ি ক্রয়ের উদ্দেশ্যে প্রদত্ত সুদমুক্ত বিশেষ অগ্রিম;

(চ) "সরকারি দাবী আদায় আইন" অর্থ – Public Demands Recovery Act, 1913 (Bengal Act No.III of 1913);

(ছ) "অনুমোদনকারী কর্তৃপক্ষ" অর্থ – ডেসকো লিমিটেড এর পরিচালনা পর্ষদ; এবং

(জ) "কর্তৃপক্ষ" অর্থ – ডেসকো লিমিটেড এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ।

৩। নীতিপ্রাধান্য ঃ আপাততঃ বলবৎ অন্য কোন নীতিমালায় যা কিছু থাকুক না কেন এ নীতিমালা কার্যকর হবে।

৪। বিশেষ অগ্রিম সুবিধা প্রাপ্তির যোগ্যতা ঃ

(১) এ নীতিমালার অধীন বিশেষ অগ্রিম সুবিধা প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে গাড়ি ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা হতে হবে।

(২) কোন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা একবার গাড়ি সেবা নগদায়ন করলে তিনি তা প্রত্যাহার করতে পারবেন না।

(৩) নীতিমালার (১) ও (২) এর নিম্নবর্নিত ক্ষেত্রে কোন একজন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা এ নীতিমালার অধীন গাড়ি ক্রয়ের জন্য বিশেষ অগ্রিম সুবিধা পাবেন, যথা ঃ-

(ক) প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তার প্রাপ্যতা যতদিন থাকবে ততদিনের মধ্যে আবেদন করতে পারবে।তবে শর্ত থাকে যে, চাকুরী কমপক্ষে দুই বছর থাকতে হবে ;

(খ) নীতিমালা জারীর পর, কোন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা ডেসকো লিঃ এর পরিবহন পুল হতে গাড়ি সুবিধা গ্রহণ করলেও গাড়ি সেবা নগদায়নের আবেদন করতে পারবেন। কিন্তু অগ্রিম/ঋণ (সুদমুক্ত) গ্রহণপূর্বক গাড়ি ক্রয়ের পর পুলের গাড়ি ব্যবহারের সুবিধা আর বহাল থাকবে না।

৫। **বিশেষ অগ্রিম গ্রহনের অযোগ্যতা ঃ** কোন একজন প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তা এ নীতিমালার অধীন গাড়ি ক্রয়ের জন্য বিশেষ অগ্রিম সুবিধা গ্রহনের অযোগ্য হবেন যদি -

(ক) ডেসকোতে চাকুরীর মেয়াদ ধারাবাহিকভাবে কর্মকর্তা হিসাবে নূন্যতম ০৫ (পাঁচ) বছর না হলে,

(খ) চাকুরীর মেয়াদ কমপক্ষে ০২(দুই) বছর না থাকে; এবং

(গ) বিভিন্ন প্রকার অগ্রিম বা গৃহ নির্মাণ অগ্রিম গ্রহনের কারণে সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাভাবিক অবসর গ্রহনের সময়ে প্রাপ্তব্য সি.পি.এফ তহবিল এবং গ্র্যাচুয়িটি তহবিল হতে প্রস্তাবিত বিশেষ অগ্রিমের টাকা সমন্বয় করা সম্ভব না হয়।

৬। **বিশেষ অগ্রিম মঞ্জুরের শর্ত ঃ**

(১) প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ পরিশিষ্ট-'ক' ফরমে অগ্রিমের আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক বরাবর দাখিল করবেন,তবে ব্যবস্থাপনা পরিচালকের ক্ষেত্রে আবেদন পত্র পরিচালনা পর্ষদ এর চেয়ারম্যান বরাবর আবেদন করতে হবে।

(২) নীতিমালা উপ-অনুচ্ছেদ (১) ও এ নীতিমালার অন্যান্য উদ্দেশ্য পূরনকল্পে ডেসকো কর্তৃপক্ষ প্রয়োজনীয় বাজেট বরাদ্দ করবে।

(৩) একজন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা গাড়ি ক্রয় এবং এর আনুষাঙ্গিক অন্যান্য খরচাদি নির্বাহের জন্য এককালীন সুদমুক্ত অগ্রিম হিসেবে নিম্নোক্ত হারে সর্বোচ্চ সীমায় অগ্রিম গ্রহণ করতে পারবেন ঃ

কর্মকর্তার পদবী	সর্বোচ্চ অগ্রিম সীমা
এস.ই/ ডিজিএম/ সমমান	৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা
সি.ই/ জিএম/ সমমান	
নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক	

এছাড়া বাজার মূল্যের সাথে সঙ্গতি রেখে যুক্তিসঙ্গত সময় অন্তর অন্তর ডেসকো লিঃ এর পরিচালনা পর্ষদ বিশেষ অগ্রিমের পরিমান (সরকারি নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে) পুনঃনির্ধারন করতে পারবেন।

(৪) নীতিমালা উপ-অনুচ্ছেদ (১) এর অধীনে আবেদনপত্র প্রাপ্তির পর অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্তৃপক্ষ অগ্রিম টাকা প্রদান করবে।

(৫) প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা বিশেষ অগ্রিমের আবেদন করার তারিখ হতে অগ্রিম প্রাপ্তি পর্যন্ত সময়কালে ডেসকো লিঃ এর পরিবহন পুল হতে গাড়ি সুবিধা পেতে থাকবেন।

(৬) নীতিমালা উপ-অনুচ্ছেদ (১) এর অধীনে আবেদনকারীগণের মধ্য হতে জ্যেষ্ঠতা অনুসারে বিশেষ অগ্রিম মঞ্জুর করা হবে।

(৭) কোন কর্মকর্তা তার সমগ্র চাকুরীকালে ১(এক) বারের বেশী এ নীতিমালার অধীন কোন অগ্রিম গ্রহণ করতে পারবেন না।

৭। ক্রয়কৃত গাড়ি রেজিস্ট্রেশন খরচ ও অতিরিক্ত অর্থ ফেরত :

(১) অগ্রিম টাকা উত্তোলনের অনধিক ০৩(তিন) মাসের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাকে গাড়ি ক্রয়, রেজিস্ট্রেশন, বীমা ও এতদ্সংক্রান্ত অন্যান্য কার্যাদি সম্পন্ন করতে হবে ।

(২) গাড়ি ক্রয়, রেজিস্ট্রেশন, বীমা ও এতদ্সংক্রান্ত অন্যান্য কার্যাদি বাবদ ব্যয়ীত অর্থের অতিরিক্ত উত্তোলিত অর্থ অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে ডেসকো লিমিটেড বরাবর ফেরত প্রদান করতে হবে।

(৩) যদি কোন কর্মকর্তা মঞ্জুরীকৃত অর্থের অধিক ব্যয়ে গাড়ি ক্রয় করেন তাহলে উক্ত অতিরিক্ত পরিমান অর্থ ডেসকো লিঃ এর নিকট হতে দাবী করতে পারবেন না।

(৪) এ নীতিমালার আওতায় ক্রয়কৃত গাড়ী ডেসকো'র নামে রেজিস্ট্রেশন করতে হবে।

৮। চুক্তি সম্পাদন ও গাড়ি বন্ধক :

(১) বিশেষ অগ্রিম মঞ্জুরীর অর্থ উত্তোলনকালে প্রত্যেক প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাকে পরিশিষ্ট-'খ' ফরম মোতাবেক ৩০০ (তিনশত) টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ডেসকো লিঃ এর সাথে একটি চুক্তি সম্পাদন করতে হবে।

(২) গাড়ি ক্রয়ের পর প্রত্যেক প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাকে পরিশিষ্ট-গ ফরমে কর্তৃপক্ষ বরাবর সংশ্লিষ্ট গাড়িটি অগ্রিমের নির্ধারিত টাকা পরিশোধ না হওয়া পর্যন্ত বন্ধক রাখতে হবে।

(৩) বিশেষ মঞ্জুরীকৃত অর্থ দ্বারা ক্রয়কৃত গাড়ির অগ্রিমের নির্ধারিত টাকা পরিশোধ হয়ে গেলে ডেসকো কর্তৃপক্ষ উক্ত কর্মকর্তার অনুকূলে পরিশিষ্ট-'ঘ' ফরমে বন্ধক অবমুক্ত বিষয়ে একটি প্রত্যয়নপত্র প্রদান করবে।

৯। গাড়ির বীমা ঃ

এ নীতিমালার অধীন ক্রয়কৃত গাড়ির অগ্নি, চুরি ও দুর্ঘটনাজনিত ক্ষতির জন্য ফাস্ট পার্টি ইন্সুরেন্স বা বীমা করতে হবে।

১০। বিশেষ ভাতা-

(১) কোন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা ডেসকো লিঃ এর নিকট হতে বিশেষ অগ্রিম গ্রহণ করলে তিনি গাড়ি ক্রয়ের পর প্রশাসনিক প্রত্যয়নপত্র গ্রহণ এবং 'গ' ফরম স্বাক্ষরের পর হতে গাড়ি মেরামত, রক্ষনাবেক্ষণ, ড্রাইভারের বেতন, ইত্যাদি বাবদ মাসিক ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা বিশেষ ভাতা প্রাপ্ত হবেন, যা উক্ত কর্মকর্তা মাসিক বেতন বিলের সাথে উত্তোলন করবেন।

(২) নীতিমালা অনুচ্ছেদ (৮) এর অধীন সম্পাদিত চুক্তির কোন শর্তের বরখেলাপ বা ডেসকোর অনুমতি ব্যতিরেকে ক্রয়কৃত গাড়ি বিক্রয় করলে এ বিধির অধীনে কোন ভাতা পাবেন না এবং এ অপরাধ অসদাচরন হিসেবে গণ্য হবে।

(৩) কোন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তার অবসর শুরুর তারিখ হতে এ ভাতা প্রদান বন্ধ হয়ে যাবে।

(৪) বিশেষ অগ্রিম গ্রহণকারী কর্মকর্তা ডেসকোর নিকট হতে গাড়িচালক, রক্ষনাবেক্ষণ, জ্বালানী, ব্যবহার জনিত ক্ষয় বা কোন প্রকার মেরামতের জন্য কোন রকম আর্থিক সুযোগ সুবিধা, প্রকৃত ব্যয় বা খরচ দাবি করতে পারবেন না। তাছাড়া গাড়িতে ব্যবহারের জন্য কারসেন্ট, এয়ার ফ্রেসনার, টিস্যু পেপার ও এ্যারোসেল ইত্যাদি কোন প্রকার সুবিধা পাবেন না ।

১১। অগ্রিম অর্থে ক্রয়কৃত গাড়ি বিক্রয় ঃ

(১) অগ্রিমের অর্থে ক্রয়কৃত গাড়ির বিপরীতে গৃহীত সমুদয় অগ্রিম পরিশোধের পূর্বে বিক্রয়ের ক্ষেত্রে ডেসকো কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করতে হবে।

(২) গাড়ি বিক্রয় মূল্য হতে Pay Order এর মাধ্যমে বকেয়া অগ্রিম জমা করার শর্তে বিক্রয় এর অনুমতি প্রদান করা যেতে পারে এবং গাড়ি বিক্রয় এর অনধিক পনের (১৫) দিনের মধ্যে অপরিশোধিত অর্থ এককালীন জমা দিতে হবে।

(৩) যদি কোন কর্মকর্তা নীতিমালা উপ-অনুচ্ছেদ ১১(২) অনুসারে অপরিশোধিত অর্থ জমা প্রদান করতে ব্যর্থ হন তা হলে অপরিশোধিত অর্থের উপর বিক্রয়ের ১৫(পনের) দিন হতে কার্যকর সাপেক্ষে ১৫(পনের) শতাংশ হারে জরিমানা আদায় করা হবে।

(৪) পুরাতন গাড়ি বিক্রয় করে নতুন গাড়ি ক্রয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক নিম্নোক্ত শর্তে বিক্রয়ের অনুমতি প্রদান করতে পারবেন; যথা ঃ

(ক) বকেয়া অগ্রিম অপেক্ষা নতুন গাড়ি মূল্য কম হলে পার্থক্যের সমপরিমান অর্থ ডেসকো লিঃ এর বরাবর ফেরত দিতে হবে;

(খ) বকেয়া অগ্রিম পূর্বোক্ত হারেই আদায়/পরিশোধ অব্যাহত রাখতে হবে; এবং

(গ) নতুন গাড়ির ক্ষেত্রে ফার্ষ্ট পার্টি বীমা করতে হবে এবং ডেসকো লিঃ এর নিকট বন্ধক রাখতে হবে।

১২। গাড়ি দুর্ঘটনা ও চুরি ঃ

গাড়ি ক্রয়ের পর দুর্ঘটনায় বিনষ্ট বা চুরি হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার বিশেষ ভাতা প্রাপ্তি অব্যাহত থাকবে, তবে এক্ষেত্রে কিস্তির টাকা নিয়মিত পরিশোধ করতে হবে অন্যথায় অপরিশোধিত কিস্তির উপর ১৫ (পনের) শতাংশ হারে জরিমানা প্রদান করতে হবে। এক্ষেত্রে তিনি ডেসকো লিঃ এর পরিবহন পুল হতে গাড়ি সুবিধা পাবেন না :

১৩। গাড়ির মালিকানা ঃ

গাড়ি ক্রয়ের জন্য গৃহীত সমুদয় অগ্রিমের কিস্তি পরিশোধের পর সংশ্লিষ্ট কর্মকর্তা গাড়ির মালিক হবেন।

১৪। গাড়ি ব্যবহার ঃ

(১) কর্ম অধিক্ষেত্র অর্থাৎ কোন কর্মকর্তার দাপ্তরিক কার্যালয় যে স্থানে অবস্থিত, তার ৮ (আট) কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে দাপ্তরিক কাজে ভ্রমণের জন্য ব্যবহারকারী কর্মকর্তা কোন টি.এ/ডি.এ দাবী করতে পারবেন না।

তবে শর্ত থাকে যে, ৮ (আট) কিলোমিটার ব্যাসার্ধের বাইরে কোন দাপ্তরিক কাজে ভ্রমনের জন্য (বাসায় যাতায়াতের ক্ষেত্র ব্যতীত) গাড়িটি ব্যবহৃত হলে ডেসকো লিঃ কর্তৃক নির্ধারিত হারে টি.এ/ডি.এ প্রাপ্য হবেন।

ব্যাখ্যা ঃ কোন কর্মকর্তার একাধিক দাপ্তরিক কার্যালয় থাকলে এ ক্ষেত্রে তিনি প্রধানতঃ যে দপ্তরে পদায়িত বা অধিক সময় অবস্থান করেন তা বিবেচনা করতে হবে।

(২) কোন কর্মকর্তা চাকুরীতে থাকা অবস্থায় দাপ্তরিক প্রয়োজন মিটানোর পরে গাড়িটি ব্যক্তিগত প্রয়োজনে পরিবারের সদস্য সমন্বয়ে ব্যবহার করতে পারবেন; এ ক্ষেত্রে কর্মকর্তার গাড়ি ব্যবহার বিষয়ে দুরত্ব সংক্রান্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

১৫। প্রেষণ ঃ

প্রেষণে নিয়োজিত সরকারি কর্মকর্তার ক্ষেত্রে এতদসংক্রান্ত সরকারি বিধি বিধান প্রযোজ্য হবে।

১৬। পুল হতে গাড়ি রিকুইজিশন নিষিদ্ধ :

বিশেষ অগ্রিম সুবিধা গ্রহণকারী কোন কর্মকর্তা সাধারনভাবে ডেসকো লিঃ এর পরিবহন পুল হতে রিকুইজিশনের ভিত্তিতে কোন গাড়ি দাপ্তরিক বা ব্যক্তিগত প্রয়োজনে ব্যবহার করতে পারবেন না :

তবে শর্ত থাকে যে, উক্ত কর্মকর্তার এ নীতিমালার অধীন ক্রয়কৃত গাড়িটি যান্ত্রিক ত্রুটিজনিত কারণে অচল থাকলে উক্ত মর্মে প্রত্যয়নসহ রিকুইজিশনের ভিত্তিতে গাড়ি ব্যবহার করতে পারবেন, তবে এক্ষেত্রে প্রতিদিনের রিকুইজিশনের জন্য ডেসকো কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে বিশেষ ভাতা কর্তনযোগ্য হবে।

১৭। বিশেষ অগ্রিম আদায় পদ্ধতি ঃ

(১) বিশেষ অগ্রিম সর্বোচ্চ ১২০টি সমান কিস্তিতে আদায়যোগ্য হবে এবং অগ্রিম উত্তোলনের পরবর্তী মাসের বেতন হতে কর্তন শুরু করা হবে।

(২) কোন কর্মকর্তা কর্মরত অবস্থায় যে কোন সময়ে বা অবসরে যাওয়ার পূর্বে অপরিশোধিত সমুদয় অর্থ এককালীন পরিশোধ করতে ইচ্ছুক হলে Pay Order এর মাধ্যমে বা নগদ জমা প্রদান করতে পারবেন।

(৩) চাকুরীর মেয়াদকালে সমুদয় কিস্তির টাকা আদায় করা সম্ভব না হলে অগ্রিম বাবদ গৃহীত অপরিশোধিত অর্থ নিম্নরূপভাবে আদায় করা হবে, যথা ঃ

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তা স্বেচ্ছায় অবশিষ্ট অর্থ এককালীন পরিশোধ করবেন; অথবা

(খ) সংশ্লিষ্ট কর্মকর্তার গ্র্যাচুয়িটি তহবিল হতে এককালীন আদায় করা হবে;

(গ) দফা (ক) ও (খ) অনুযায়ী আদায়ের পরও বকেয়া থাকলে অগ্রিমের অপরিশোধিত অর্থ উক্ত কর্মকর্তার সি.পি.এফ তহবিল হতে কর্তন করতে হবে;

(ঘ) দফা (গ) অনুযায়ী সি.পি.এফ তহবিল হতে আদায়ের পরও বকেয়া থাকলে অগ্রিমের অপরিশোধিত অর্থ বন্ধকী গাড়ি বিক্রয়পূর্বক সমন্বয় করতে হবে; অথবা

(ঙ) সংশ্লিষ্ট (ক), (খ), (গ) ও (ঘ) এর মাধ্যমে আদায়ের পরও অগ্রিম অপরিশোধিত থাকলে দাবী আদায় আইনের বিধান অনুযায়ী আদায়যোগ্য হবে।

(৪) কোন কর্মকর্তা স্বেচ্ছায় চাকুরী ত্যাগ করলে বা ডেসকো কর্তৃক কোন কর্মকর্তাকে চাকুরী হতে অপসারন বা বরখাস্ত বা চাকুরীচ্যুত করা হলে, ক্রয়কৃত গাড়ী বিক্রয়পূর্বক অগ্রীম সমন্বয় করা হবে, এর পরেও বকেয়া থাকলে সি.পি.এফ তহবিল পাশাপাশি গ্র্যাচুয়িটি তহবিল হতে অগ্রীম সমন্বয় করা হবে এবং এর পরও অগ্রিম অপরিশোধিত থাকলে সরকারি দাবী আদায় আইনের বিধান অনুযায়ী আদায়যোগ্য হবে।

(৫) নীতিমালা অনুচ্ছেদ-৮ এর অধীন সম্পাদিত চুক্তির কোন শর্তের বরখেলাপ হলে ডেসকো ক্রয়কৃত গাড়ি বিক্রয়পূর্বক অগ্রিম সমন্বয় করা হবে, এর পরেও বকেয়া থাকলে সি.পি.এফ তহবিল পাশাপাশি গ্র্যাচুয়িটি তহবিল হতে অগ্রীম সমন্বয় করা হবে এবং এর পরও অগ্রিম অপরিশোধিত থাকলে সরকারি দাবী আদায় আইনের বিধান অনুযায়ী আদায়যোগ্য হবে।

(৬) অগ্রিম গ্রহীতার মৃত্যু হলে, সে ক্ষেত্রে ঃ

(ক) তাঁর গ্র্যাচুয়িটি তহবিল হতে অগ্রিম টাকা আদায় করা হবে;

(খ) তাঁর গ্র্যাচুয়িটি তহবিল হতে আদায়ের পর অগ্রিম অপরিশোধিত থাকলে উক্ত কর্মকর্তার সি.পি.এফ হতে কর্তন করতে হবে;

(গ) গ্র্যাচুয়িটি তহবিল ও সি.পি.এফ হতে কর্তনের পরও অপরিশোধিত অগ্রিম থাকলে অথবা কোন কারণে সি.পি.এফ হতে আদায় সম্ভব না হলে বন্ধকী গাড়ি বিক্রয়পূর্বক সমন্বয় করতে হবে;

(ঘ) দফা (ক), (খ) ও (গ) এর মাধ্যমে আদায়ের পরও অগ্রিম অপরিশোধিত থাকলে অগ্রিম গ্রহীতার উত্তরাধিকারীদের নিকট হতে সরকারি দাবী আদায় আইনের বিধান অনুযায়ী সরকারি পাওনা হিসেবে আদায়যোগ্য হবে।

(৭) গাড়ির প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাকে দাপ্তরিক দায়িত্ব পালনের নিমিত্ত ডেসকোর গাড়ির পরিবর্তে গাড়ি ক্রয়ের জন্য নগদায়নের সুবিধা প্রদান করা হয়। দাপ্তরিক দায়িত্ব পালনে গাড়ি ব্যবহারের ফলে প্রতি বছর গাড়ির আয়ুষ্কাল হ্রাস পায় এবং সরকারি আদেশ অনুযায়ী গাড়ির আয়ুষ্কাল আট বছর। এ কারণে বছরে ১০% হারে অবচয় (Depreciation Cost) বাদ দিয়ে অবশিষ্ট মূল্য পরিশোধ করে নীতিমালার 'ঘ' ফরম অনুযায়ী গাড়ির ঋণ-কাল শেষ হবে।

১৮। অস্পষ্টতা দূরীকরণ ঃ

এ নীতিমালায় কোন কিছু অস্পষ্ট থাকলে বা কার্যকর করার ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে ডেসকো কর্তৃপক্ষ সার্কুলারের মাধ্যমে তা দূরীকরণের ব্যবস্থা নিতে পারবেন।

১৪/০৬/১৫

মোহাম্মদ আবু ইউসুফ
ব্যবস্থাপক (ব্যাংকিং), ডেসকো
ও সদস্য সচিব, কমিটি।

পরিশিষ্ট "ক"

ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী (ডেসকো) লিমিটেড
ঢাকা।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

বিষয় ঃ প্রাধিকারপ্রাপ্ত ডেসকো লিঃ এর কর্মকর্তা হিসেবে মোটরগাড়ি ক্রয়ের অগ্রিমের জন্য আবেদন।

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, আমি গাড়ি ব্যবহারের একজন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা। আমি ডেসকো লিঃ এর পরিবহণ পুল থেকে গাড়ি সুবিধা গ্রহণ করতে ইচ্ছুক নই। প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম ও গাড়ির সেবা নগদায়ন নীতিমালা, ২০১৩ অনুযায়ী আমি মোটরগাড়ি ক্রয়ের জন্য ....(কথায়)...টাকা বিশেষ অগ্রিম গ্রহণ করতে ইচ্ছুক। নিম্নে আমার প্রয়োজনীয় তথ্যাবলী সদয় বিবেচনার জন্য পেশ করলাম ঃ

১) নাম ও আইডি নম্বর ঃ
২) পদবী ঃ
৩) কর্মস্থল ঃ
৪) জন্ম তারিখ ঃ
৫) চাকুরীতে যোগদানের তারিখ ঃ
৬) কর্মকর্তা হিসাবে যোগদানের তারিখ ঃ
৭) প্রাধিকার অর্জনের তারিখ ঃ
৮) অবসরে যাওয়ার তারিখ ঃ
৯) মূল বেতন ঃ
১০) ইতোপূর্বে গৃহীত অগ্রিম সংক্রান্ত তথ্য (গৃহ নিমার্ণ/ মোটর সাইকেল/কম্পিউটার) ঃ

অগ্রিমের নাম	মঞ্জুরের তারিখ	অগ্রিমের পরিমান	কিস্তির পরিমান	অপরিশোধিত টাকার পরিমান	অগ্রিম সম্পূর্ন পরিশোধের নির্ধারিত তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

১০) বিশেষ অগ্রিম পরিশোধ সংক্রান্ত তথ্য ঃ

প্রার্থিত অগ্রিমের পরিমান	কত কিস্তিতে পরিশোধ করতে ইচ্ছুক	চাকুরীরত অবস্থায় পরিশোধ সম্ভব না হলে অগ্রিম সমন্বয় পদ্ধতি	মন্তব্য
১	২	৩	৪

১১) গাড়িব্যবহার সংক্রান্ত তথ্য ঃ

(ক) ডেসকো লিঃ এর পরিবহন পুল/..........সংস্থার গাড়ি ব্যবহার করি/করিনা

(খ) গাড়ি নম্বর ....(গাড়ি ব্যবহারের ক্ষেত্রে)

(গ) গাড়ি ব্যবহারের সময়

১২। আমি এ মর্মে প্রত্যয়ন করছি যে, প্রার্থিত মোটরগাড়ি ক্রয় ব্যতিত অন্য কোন কাজে ব্যবহার করব না। মোটরগাড়ি ক্রয় ও আনুষঙ্গিক বাবদ ব্যয়িত অর্থের অতিরিক্ত উত্তোলিত অর্থ ১৫ (পনের) দিনের মধ্যে ডেসকো লিঃ বরাবর ফেরত দিতে বাধ্য থাকব।

আপনার অনুগত,

স্থান ঃ
তারিখ ঃ

স্বাক্ষর ঃ
নাম ঃ
পদবী ঃ
ঠিকানা ঃ
মোবাঃ নং
ই-মেইলঃ

(১৩) উর্ধ্বতন কর্মকর্তার সুপারিশ ঃ

স্বাক্ষর ঃ
নাম ঃ
পদবী ঃ
ঠিকানা ঃ

চুক্তিনামা

মোটরগাড়ি ক্রয়ের জন্য অগ্রিম গ্রহণের উদ্দেশ্যে চুক্তি সম্পাদনের ফরম .... সনের ....মাসের ....তারিখে একপক্ষে .... পরবর্তীতে ঋণগ্রহীতা হিসেবে অভিহিত যা তাঁর আইনগত প্রতিনিধি এবং স্বত্বনিয়োগীকে বুঝাবে) এবং অপরপক্ষে ডেসকোর পক্ষে সিই/ জিএম (প্রশাসন)/ দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি এর মধ্যে সম্পাদিত চুক্তি।

যেহেতু, ঋণ গ্রহীতা প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের বিশেষ অগ্রিম ও সেবা নগদায়ন নীতিমালা, ২০১৩ অনুসারে (পরবর্তীতে বিশেষ অগ্রিম ও গাড়ি সেবা নগদায়ন আদেশ হিসেবে অভিহিত) মোটর গাড়ি ক্রয় করার জন্য ....টাকা অগ্রিমের জন্য ডেসকো কর্তৃপক্ষের নিকট আবেদন করেছেন এবং ডেসকো কর্তৃপক্ষ পরবর্তীতে বর্ণিত শর্তাবলীতে এ অগ্রিম প্রদানে সম্মত হয়েছে।

সুতরাং এতদ্বারা উভয়পক্ষে এ মর্মে সম্মত হচ্ছেন যে, ডেসকো লিঃ কর্তৃক অগ্রিম গ্রহীতাকে ....টাকা প্রদানের পরিপ্রেক্ষিতে (অগ্রিম গ্রহীতা এতদ্বারা যার প্রাপ্তিস্বীকার করলেন), অগ্রিম গ্রহীতা এ মর্মে ডেসকো কর্তৃপক্ষের সাথে সম্মত হলেন যে,

১) প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০১৩ মতে মাসিক বেতন বিল হতে কিস্তিতে কর্তনের মাধ্যমে এ অর্থ তিনি পরিশোধ করবেন এবং এ কর্তন করার জন্য তিনি এতদ্বারা ডেসকোকে ক্ষমতা প্রদান করলেন;

২) এ চুক্তি সম্পাদনের তারিখ হতে তিন মাসের মধ্যে তিনি এ অগ্রিমের সম্পূর্ন অর্থ মোটরগাড়ি ক্রয় ও আনুষঙ্গিক কাজের জন্য ব্যয় করবেন এবং প্রকৃত মূল্য ও খরচ যদি অগ্রিম অপেক্ষা কম হয় তবে অবশিষ্ট অর্থ ১৫ (পনের) দিনের মধ্যে ডেসকোকে ফেরত দিবেন;

৩) প্রদত্ত অগ্রিম ও তজ্জনিত জরিমানার টাকার (প্রযোজ্য ক্ষেত্রে) জামানত হিসেবে মোটরগাড়ি প্রাধিকারপ্রাপ্ত ডেসকো লিঃ এর কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০১৩ এর আওতায় ডেসকো কর্তৃপক্ষের নিকট দায়বদ্ধ থাকবে।

এবং সর্বশেষ তাও সম্মত হওয়া যাচ্ছে এবং ঘোষনা করা যাচ্ছে যে, যদি মোটরগাড়ি উপর্যুক্ত মতে এ দলিল স্বাক্ষরের ৩ (তিন) মাসের মধ্যে ক্রয় করা না হয়, অথবা অগ্রিম গ্রহীতা দেউলিয়া হন বা ডেসকোর চাকুরি ত্যাগ করেন বা মৃত্যুবরন করেন, তবে অগ্রিম সম্পূর্ন অর্থ এবং তার সংশ্লিষ্ট জরিমানা (প্রযোজ্য ক্ষেত্রে) অবিলম্বে পাওনা এবং দেয় হবে।

উপরে বর্ণিত সমুদয় বয়ানের সাক্ষ্য স্বরূপ অগ্রিম গ্রহীতা উল্লিখিত সন ও তারিখে স্বহস্তে স্বাক্ষর করলেন।
নিম্নেবর্ণিত সাক্ষীগণের সম্মুখে স্বাক্ষর করলেন ঃ

১ম সাক্ষী ঃ..

গ্রহীতার স্বাক্ষর

ঠিকানা ঃ ....

পেশা ঃ ....

২য় সাক্ষী ঃ ....

পেশা ঃ..

ডেসকো কর্তৃপক্ষ/ প্রতিনিধির স্বাক্ষর

পরিশিষ্ট "গ"

মোটর গাড়ি অগ্রিমের জন্য বন্ধকী ফরম

এ চুক্তিপত্র ....সনের .... মাসের .... তারিখে একপক্ষে .... (পরবর্তীতে অগ্রিম গ্রহীতা হিসেবে অভিহিত) এবং অপরপক্ষে ডেসকো কর্তৃপক্ষ এর মধ্যে সম্পাদিত হলো।

যেহেতু, প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা সুদমুক্ত বিশেষ অগ্রিম ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা (পরবর্তীতে বিশেষ অগ্রিম ও গাড়ী সেবা নগদায়ন নীতিমালা ২০১৩ হিসেবে অভিহিত) অনুসারে মোটর গাড়ি ক্রয় করার জন্য .... টাকা অগ্রিম মঞ্জুরির আবেদন করেছেন এবং তা মঞ্জুর করা হয়েছে।

এবং যেহেতু বর্ণিত অগ্রিম মঞ্জুরির অন্যতম শর্ত এই যে, প্রদত্ত অগ্রিমের জামানত হিসেবে অগ্রিম গ্রহীতা ডেসকো কর্তৃপক্ষের নিকট এ মোটর গাড়ি দায়বদ্ধ করবেন।

এবং যেহেতু অগ্রিম গ্রহীতা প্রদত্ত অগ্রিম বা তার অংশ বিশেষ দ্বারা মেটিরগাড়ি ক্রয় করেছেন যার বিশদ বর্ণনা নিম্নে লিপিবদ্ধ তফসিলে উদ্বৃত হলো ঃ

সুতরাং এ চুক্তিপত্রের বয়ান এই যে, বর্ণিত চুক্তি অনুসারে এবং পূর্বোক্ত বিষয়সমূহ বিবেচনায় অগ্রিম গ্রহীতা এ মর্মে ডেসকো কর্তৃপক্ষের সাথে চুক্তিবদ্ধ হচ্ছেন যে, তিনি ডেসকো কর্তৃপক্ষকে .... টাকা প্রদান করবেন অথবা এ চুক্তির তারিখে যে পরিমাণ পাওনা অবশিষ্ট আছে, তা সমান কিস্তিতে মাসের প্রথম দিনে প্রদান করবেন এবং বর্ণিত সুদমুক্ত বিশেষ অগ্রিম ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা অনুসারে এ সময়ে পাওনা অর্থের উপর সঞ্চিত সুদ (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করবেন এবং অগ্রিম গ্রহীতা এ মর্মে আরও সম্মতি দিচ্ছেন যে, বর্ণিত সুদমুক্ত বিশেষ অগ্রিম ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা অনুসারে প্রদেয় এ অর্থ তার মাসিক বেতনের বিল হতে কর্তনের মাধ্যমে আদায় করা হবে এবং চুক্তির আরো শর্ত অনুসারে অগ্রিম গ্রহীতা এতদ্বারা এ মোটরগাড়ি বর্ণিত সুদমুক্ত বিশেষ অগ্রিম ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা অনুসারে বর্ণিত অগ্রিম এবং তার উপর সঞ্চিত সুদের জামানত হিসেবে সরকার বরাবর এর স্বত্ব ন্যস্ত এবং হস্তান্তর করলেন। গাড়ির ফিটনেস, বীমা, ট্যাক্স টোকেন ও রেজিস্ট্রেশনের মূল কপি ডেসকো কর্তৃপক্ষ বরাবর জমা রাখলেন।

এবং অগ্রিম গ্রহীতা এ মর্মে আরও স্বীকৃত হয়ে ঘোষণা দিচ্ছেন যে, তিনি বর্ণিত মেটিরগাড়ি ক্রয় মূল্য পূর্ণভাবে পরিশোধ করেছেন ও তা সম্পূর্ণভাবে তার নিজস্ব সম্পত্তি এবং তিনি তা কোথাও বন্ধক দেননি এবং বর্ণিত অগ্রিম বাবদ ডেসকো কর্তৃপক্ষকে যে পর্যন্ত কোন অর্থ প্রদেয় থাকে সে পর্যন্ত তিনি ডেসকো লিঃ এর অনুমতি ব্যতীত এ সম্পত্তি বিক্রয়, বন্ধক বা তার দখল ত্যাগ করবেন না এবং মেটিরগাড়ি মালিকানা হস্তান্তর করবেন না। এখানে আরও উল্লেখ করা যায় এবং ইহা স্বীকৃত ও ঘোষিত হচ্ছে যে, যদি কোন কিস্তি অথবা তার জরিমানা (প্রযোজ্য ক্ষেত্রে) পূর্বে বর্ণিত পদ্ধতি অনুসারে পাওনা হওয়ার দশ দিনের মধ্যে প্রদত্ত না হয় বা আদায় না হয়, অথবা অগ্রিম গ্রহীতা মৃত্যুবরণ করেন বা কোন সময়ে চাকুরিতে রত না থাকেন, অথবা যদি অগ্রিম গ্রহীতা এ সম্পত্তি বিক্রয়, বন্ধক অথবা দেউলিয়া হন, অথবা তাঁর পাওনাদারের সঙ্গে কোন ব্যবস্থায় উপনীত হন অথবা কোন ব্যক্তি অগ্রিম গ্রহীতার বিরুদ্ধে ডিক্রি জারি বা রায় কার্যকর করেন, তবে তখন পর্যন্ত সমুদয় পাওনা অনাদায়কৃত অংশ এবং পূর্বে বর্ণিত মতে ধার্যকৃত সুদ তাৎক্ষণিকভাবে প্রদানযোগ্য হবে।

এবং এ মর্মে স্বীকৃত হওয়া যাচ্ছে এবং ঘোষণা করা যাচ্ছে যে, পূর্বে বর্ণিত কোন একটি ঘটনা ঘটলে ডেসকো লিঃ বর্ণিত মোটরগাড়ি বাজেয়াপ্ত করে তার মালিকানা গ্রহণ করবেন এবং তা স্থানান্তর না করে তার মালিকানায় থাকবেন অথবা তা হস্তান্তর করে খোলা নিলামে অথবা ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে চুক্তি করে বিক্রয় করবেন। বিক্রয়লব্ধ অর্থ হতে ও ঐ সময় পর্যন্ত সঞ্চিত জরিমানা (প্রযোজ্য ক্ষেত্রে) হতে সে সময় পর্যন্ত অপরিশোধিত অগ্রিম পরিশোধের জন্য এবং এ চুক্তির অধীন তার অধিকার সংরক্ষণের জন্য বা আদায়ের জন্য এবং উদ্ধার করার জন্য সমুদয় ব্যয় এবং সকল প্রকার দায় মিটানোর জন্য ব্যবহার করবেন এবং এর অতিরিক্ত কোন অর্থ থাকলে অগ্রিম গ্রহীতা, তার উইল নির্বাহক, প্রশাসক বা ব্যক্তিগত প্রতিনিধিকে প্রদান করবেন।

আরও শর্ত থাকে যে, বর্ণিত মোটর গাড়ি স্বত্ব গ্রহণ এবং বিক্রয়ের ক্ষমতা, ডেসকো লিঃ কর্তৃক বিক্রয়লব্ধ নীট অর্থ যদি পাওনা হতে কম হয় তবে অবশিষ্ট অর্থের জন্য অগ্রিম গ্রহীতা অথবা তার ব্যক্তিগত প্রতিনিধির বিরুদ্ধে মামলা করার অধিকার ক্ষুন্ন করবে না।

এবং অগ্রিম গ্রহীতা এ মর্মে আরও স্বীকৃত হচ্ছেন যে, যতদিন ডেসকো লিঃ এর নিকট কোন অর্থ পাওনা থাকবে ততদিন অগ্রিম গ্রহীতা কোনরূপ অগ্নি, চুরি বা দুর্ঘটনার কারণে ক্ষতি বা হানির জন্য সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক অনুমোদিত কোন বীমা কোম্পানীতে বীমা করবেন এবং হিসাব রক্ষণ কর্মকর্তার সন্তুষ্টি সাপেক্ষে এ মর্মে প্রমাণ দাখিল করতে হবে যে, ডেসকো কর্তৃপক্ষের এ বীমাতে স্বার্থ রয়েছে যা বীমা কোম্পানী জ্ঞাত হয়েছে।

এবং অগ্রিম গ্রহীতা এ মর্মে আরও স্বীকৃত হচ্ছে যে, যুক্তিসঙ্গত ক্ষয় ও অপচয়ের কারণে যতটুকু অবনতি হওয়া গ্রহণযোগ্য, তা অপেক্ষা মোটরগাড়ির কোন অতিরিক্ত ক্ষতিসাধন বা বিনষ্ট ঘটাবেন না।

এবং যদি কোন ক্ষতি বা দুর্ঘটনা হয়ে থাকে তবে অগ্রিম গ্রহীতা অবিলম্বে তা মেরামত করাবেন ও ক্ষতিপূরণ করবেন।

উপরে বর্ণিত বয়ানের সাক্ষ্য স্বরূপ অগ্রিম গ্রহীতা উল্লিখিত বছরে ও তারিখে স্বহস্তে স্বাক্ষর প্রদান করলেন।

মোটর গাড়ির বিবরণ ঃ
প্রস্তুতকারীর নাম ঃ
বর্ণনাঃ
সিলিন্ডারের সংখ্যা ঃ
ইঞ্জিন নম্বর ঃ
চেসিস নম্বর ঃ

ক্রয় মূল্য ঃ
.... এর উপস্থিতিতে অগ্রিম গ্রহীতা
.... স্বাক্ষর করলেন।

গাড়ি অবমুক্তির প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, নামঃ ....

পদঃ.............................কর্মস্থল ঃ ....

প্রাধিকারপ্রাপ্ত ডেসকো লিঃ এর কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০১৩ এর আওতায় গাড়ি ক্রয়ের জন্য গত........................তারিখে .... টাকা বিশেষ অগ্রিম গ্রহণ করেছেন। তিনি অগ্রিম গৃহীত টাকা দ্বারা ক্রয়কৃত..........নং গাড়ি ডেসকো লিঃ বরাবর ....তারিখে বন্ধাক রেখেছেন। তিনি..............তারিখে গৃহীত সমুদয় অগ্রিম পরিশোধ করেছেন বিধায় আজ...................তারিখে তার বন্ধককৃত...........নম্বর গাড়িটি অবমুক্ত করা হলো।

সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর